

আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ১৮৩

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭) ওযু করা এবং তা পরিপূর্ণ করার প্রতি উদ্বুদ্ধ করণ

الترغيب في الوضوء وإسباغه

আরবী

(صحيح) وَعَنْهُ رَضِيَ اللَّهُ عَنْهُ (أَتَى بِطُهُورٍ وَهُوَ جَالِسٌ عَلَى الْمَقَاعِدِ فَتَوَضَّأَ فَأَحْسَنَ الْوُضُوءَ ثُمَّ قَالَ رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَوَضَّأَ وَهُوَ فِي هَذَا الْمَجْلِسِ فَأَحْسَنَ الْوُضُوءَ ثُمَّ قَالَ مَنْ تَوَضَّأَ مِثْلَ هَذَا الْوُضُوءِ ثُمَّ أَتَى الْمَسْجِدَ فَرَكَعَ رَكَعَتَيْنِ ثُمَّ جَلَسَ غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ قَالَ وَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا تَغْتَرُّوا. رواه البخاري وغيره

বাংলা

১৮৩. (সহীহ) তিনি তথা উছমান (রাঃ) থেকে আরো বর্ণিত। তিনি মসজিদে নববীর পার্শ্বে এক স্থানে বসেছিলেন, তাঁর কাছে পানি নিয়ে আসা হল। তিনি ওযু করলেন, এবং সুন্দরভাবে তা সম্পাদন করলেন। অতঃপর বললেনঃ

আমি দেখেছি, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এই স্থানে বসে ওযু করেছেন, এবং সুন্দরভাবে ওযু সম্পন্ন করেছেন। অতঃপর বলেছেনঃ "যে ব্যক্তি আমার এই ওযুর মত করে ওযু সম্পাদন করে, অতঃপর মসজিদে এসে দু'রাকাত আত সালাত আদায় করে, তারপর বসে, তবে পূর্বের পাপরাশি তাকে ক্ষমা করে দেয়া হয়।"

তিনি বলেনঃ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আরো বলেনঃ "তোমরা ধোকায় পড় না।"[1]

(বুখারী ৬৪৩৩ ও অন্যরা হাদীছটি বর্ণনা করেছেন)

ফুটনোট

[1] . অর্থাৎ পাপরাশী ক্ষমা হয়ে যাবে এই আশায় বেশি বেশি অন্যায়ে জড়াবে না। কেননা যে নামায আল্লাহর কাছে কবুল হয় তার মাধ্যমেই পাপরাশী ক্ষমা হয়। আর বান্দা কি জানে তার নামায আল্লাহর কাছে কবুল হয়ে

গেছে? [দ্রঃ ফাতহুল বারী হা/১৫৫]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ উসমান ইবন আফফান (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87943>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন